

ব্রাহ্মণবাড়িয়ায় জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৬৪২

প্রতিনিধি, ব্রাহ্মণবাড়িয়া

ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিক সমাপনী পরীক্ষায় মোট ৬৮ হাজার ৩০৬ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৪ হাজার ৬৪২ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। পরীক্ষার্থীদের মধ্যে ছেলে ২৯ হাজার ২৫৬ জন এবং মেয়ে ৩৯ হাজার ৫০ জন। এর মধ্যে ১ হাজার ৮৯৪ জন ছেলে এবং ২ হাজার ৭৪৮ জন মেয়ে জিপিএ-৫ পেয়েছে। মোট পাসের হার শতকরা ৯৯ দশমিক ৫১। এছাড়া ইবতেদায়ি পরীক্ষায় মোট ৩ হাজার ২৪৬ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩৫ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। পাসের হার ৯৫ দশমিক ৩৫।

কুয়াকাটায় জেএসসি ও জেডিসিতে জিপিএ-৫ পেয়েছে ১১৮

প্রতিনিধি, কুয়াকাটা

কুয়াকাটায় ২ কেন্দ্রে জেএসসি ও জেডিসিতে জিপিএ-৫ পেয়েছে ১১৮ শিক্ষার্থী। বঙ্গবন্ধু মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে জেএসসি জিপিএ-৫ পেয়েছে ২৫ জন শিক্ষার্থী। ওই কেন্দ্রে ৩৩৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয় ৩৩৩ শিক্ষার্থী। পাসের শতকরা হার ৯৯.৭০ ভাগ। মহিপুর কেন্দ্রের জেএসসি পরীক্ষার জিপিএ-৫ পেয়েছে ৭২ জন শিক্ষার্থী ওই কেন্দ্রে ৪৪৬ জন শিক্ষার্থী জেএসসি পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হয় ৪৪০ জন পরীক্ষার্থী। পাসের হার ৯৮.৬৫ ভাগ। এদিকে মহিপুর কেন্দ্রের জেডিসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে ২১ জন শিক্ষার্থী। ৫টি মাদ্রাসার ২৮৭ জন শিক্ষার্থী জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে ২৮৭ জনই উত্তীর্ণ হয় বিধায় পাসের হার শতভাগ।

জামালগঞ্জে জেএসসিতে সেরা মডেল উচ্চ বিদ্যালয়

প্রতিনিধি, জামালগঞ্জ (সুনামগঞ্জ)

এবারের জেএসসি পরীক্ষায় জামালগঞ্জ উপজেলার ১০টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে সবচেয়ে সেরা জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়। উপজেলায় জেএসসিতে সর্বমোট ১৬১৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪৬৬ জন কৃতকার্য হন। পাসের হার ৯০.৮৯ ভাগ। উপজেলার ২১ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। এর মধ্যে জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয় থেকে ১৪ জন জিপিএ-৫ পেয়েছেন। উচ্চ বিদ্যালয় থেকে ২৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে ২৪৫ জন পাস করেছে। পাসের হার ৯২.৪৫%। জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় থেকে ৩ জন, সাচনা বাজার উচ্চ বিদ্যালয় থেকে ২ জন, নবীন চন্দ্র উচ্চ বিদ্যালয় থেকে ২ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। জামালগঞ্জের কেন্দ্রের রেজাল্ট আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা টিটন খীসা। এ সময় জামালগঞ্জ উপজেলার সব মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জামালগঞ্জে জিপিএ-৫ পেয়েছে ৯১

প্রতিনিধি, জামালগঞ্জ (সুনামগঞ্জ)

সারা দেশের ন্যায় জামালগঞ্জে চলতি প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করা হয় দুপুর ১টায়। জামালগঞ্জে পিএসসিতে সবচেয়ে বেশি জিপিএ-৫ পেয়েছে কাশীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এবারের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিএসসি) পরীক্ষায় জামালগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৯১ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে ৫০ জন বালক ও ৪১ জন বালিকা জিপিএ-৫ পেয়েছে। উপজেলার মোট পরীক্ষার্থী ৩২৯২ জন কৃতকার্য হয়েছে ৩১৭৩ জন। অকৃতকার্য হয়েছে ১১৯ জন পরীক্ষার্থী। পাসের হার ৯৬.৪৬%। জামালগঞ্জ উপজেলার মধ্যে সবচেয়ে ভালো রেজাল্ট করেছে কাশীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ বিদ্যালয় থেকে সবচেয়ে বেশি ১৪ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।